অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/22/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নির্মাণাধীন 53টি ওভারহেড বাস চার্জার দিয়ে বাস বিদ্যুতায়ন প্রকল্পের অগ্রগতি ঘোষণা করেছেন

প্রধান চার্জিং অবকাঠামো প্রকল্প একটি সম্পূর্ণ বিদ্যুতায়িত বাস বহরে মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথরিটির ফেজ অগ্রসর করে

পাওয়ার অথরিটি ই-মোবিলিটি ইঞ্জিনিয়ারগণ বাস ডিপো চার্জার বিল্ড-আউট তত্ত্বাবধান করেন

MTA বাস গ্যারেজের ফটো পাওয়া যাবে এখানে

জলবায়ু সপ্তাহ উদযাপনে, গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে ম্যানহাটন, কুইন্স, স্টেটেন আইল্যান্ড এবং ব্রুকলিনের মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথরিটি ডিপোতে 53টি অত্যাধুনিক ওভারহেড ইলেকট্রিক বাস চার্জার নির্মাণ এগিয়ে চলেছে। আগামী বছরের শুরুর দিকে 60টি নতুন বৈদ্যুতিক বাসের জন্য প্রস্তুত করতে নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি কর্তৃক পরিচালিত মাল্টি-ইয়ার প্রকল্পের প্রথম ধাপে নিউ ইয়র্ক সিটি ট্রানজিটের জন্য পাঁচটি স্থান জুড়ে মোট 67টি ওভারহেড এবং ক্যাবল যুক্ত ডিসপেনসার নির্মাণ অন্তর্ভুক্ত করে। কার্বন নির্গমন হ্রাস করে, জলবায়ু পরিবর্তন মোকাবেলা করে এবং অন্যান্য মেট্রোপলিটন বাস বহর অপারেটরদের জন্য একটি মডেল হিসাবে পরিষেবা দিয়ে আধুনিকায়িত বৈদ্যুতিক অবকাঠামোটি নিউ ইয়র্ক সিটি জুড়ে MTA এর ক্রমবর্ধমান শূন্য-নির্গমন বাস বহরকে সহায়তা করবে। যেহেতু জলবায়ু সপ্তাহ আসন্ন তাই এর অগ্রগতি দেখার জন্য জাস্টিন ই. ড্রিসকল, NYPA এর প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা এবং ফ্র্যাঙ্ক অ্যানিকারো, সিনিয়র ভাইস প্রেসিডেন্ট, নিউ ইয়র্ক সিটি ট্রানজিট ডিপার্টমেন্ট অফ বাস এবং MTA বাস কোম্পানি কুইন্সের গ্র্যান্ড অ্যাভিনিউ বাস ডিপো এবং কেন্দ্রীয় রক্ষণাবেক্ষণ সুবিধা পরিদর্শন করেছেন।

"যখন জলবায়ু সংক্রান্ত কার্যক্রমের কথা আসে যা দীর্ঘস্থায়ী প্রভাব ফেলবে তখন বিশ্বের সর্বশ্রেষ্ঠ সিটিতে আমাদের মেট্রোপলিটন বাস বহরগুলোকে বিদ্যুতায়িত করা আমাদেরকে নিউ ইয়র্কের নেতৃত্বকে প্রদর্শন করতে সক্ষম করে," **গভর্নর ক্যাথি হোকল বলেন**। "এই শহরের বাস ডিপোগুলোর অগ্রগতি হলো নিউ ইয়র্কের ক্লিন এনার্জি অবকাঠামো তৈরির সর্বশেষ উদাহরণ যা আমাদের বায়ুর গুণমানকে উন্নত করবে এবং জীবাশ্ম-জ্বালানি অর্থনীতির ক্ষতির শিকার কমিউনিটিগুলোকে উপকৃত করবে। আমাদের বাস বহরের এই প্রধান রূপান্তরটি গ্রিনহাউস

গ্যাস নির্গমন কমিয়ে দিবে, ব্যবস্থাপনা দক্ষতা প্রদান করবে এবং 2040 সালের মধ্যে আমাদের শূন্য-নির্গমন বাস বহর রূপান্তরকে সক্ষম করবে।"

54 মিলিয়ন মার্কিন ডলারের বিদ্যুতায়ন প্রকল্পের অগ্রগতি, NYPA ঠিকাদারগণ এই সপ্তাহে 17টি প্যান্টোগ্রাফের মধ্যে প্রথমটি গ্র্যান্ড অ্যাভিনিউ বাস ডিপো এবং কুইন্সের কেন্দ্রীয় রক্ষণাবেক্ষণ ফ্যাসিলিটির ওভারহেড গ্যান্ট্রিতে স্থাপন করেছেন। এই প্রধান প্রকল্প ওভারহেড প্যান্টোগ্রাফ ডিসপেনসার এবং বৈদ্যুতিক বাস চার্জ করার জন্য নির্দিষ্ট লেনগুলোকে সমন্বয় করার জন্য বাস ডিপো পুনর্গঠন করার সাথে জড়িত। একটি প্রাসঙ্গিক উদ্যোগে, ব্রুকলিনের ইস্ট নিউ ইয়র্কের একটি আউটডোর লটে চৌদ্দটি প্যান্টোগ্রাফ ইনস্টল করা হচ্ছে এবং ব্রুকলিনের উইলিয়ামসবার্গ ব্রিজ প্লাজায় বাসগুলোর জন্য তাদের ব্যাটারিগুলোকে দৈনিক রানের মধ্যে "টপ-অভ" করতে একটি একক অন-স্ট্রিট প্যান্টোগ্রাফ চার্জার যুক্ত করা হচ্ছে। ম্যানহাটনের কিংসব্রিজ ডিপোতে পরের মাসের মধ্যে আরো 32টি ওভারহেড এবং কেবলযুক্ত ডিসপেনসারের ইনস্টলেশন শুরু হবে, যা প্রাথমিকভাবে স্টেটেন আইল্যান্ডের ব্রঙ্কস এবং চার্লসটন ডিপোতে পরিষেবা প্রদান করে। বেশ কয়েকটি কেবলযুক্ত চার্জার মোতায়নের কাজও চলমান। 2024 সালের মাঝামাঝি সময়ে সমস্ত কাজ সম্পন্ন করার জন্য পরিকল্পনা করা হয়।

MTA চেয়ারম্যান ও প্রধান নির্বাহী কর্মকর্তা জ্যানো লিবার বলেন, "2040 সালের মধ্যে একটি শূন্য-নির্গমন বাস বহরে রূপান্তরিত করার জন্য বৈদ্যুতিক বাস চার্জার ইনস্টল করা MTA এর উচ্চাকাঙ্ক্ষী পরিকল্পনার একটি প্রধান পদক্ষেপ। ম্যাস ট্রানজিট হলো জলবায়ু পরিবর্তনের প্রতিষেধক এবং MTA একটি মডেল ট্রানজিট সিস্টেমে পরিণত হয়েছে তা নিশ্চিত করার ক্ষেত্রে আমি গভর্নর হোকলকে তার নেতৃত্বের জন্য ধন্যবাদ জানাতে চাই।"

নিউ ইয়র্ক সিটি ট্রানজিট বাসের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট ফ্র্যাঙ্ক অ্যানিকারো বলেন, "বাসগুলো প্রতিদিন 1.5 মিলিয়নেরও বেশি লোক নিয়ে চলাচল করে, রাস্তা থেকে কারগুলো অপসারণ করে এবং নিউ ইয়র্কবাসীদের যেখানে যেতে হবে সেখানে নিয়ে যায়। এই প্যান্টোগ্রাফ ডিসপেনসারগুলো MTA-কে 2040 সালের মধ্যে একটি শূন্য-নির্গমন বহরের প্রতিশ্রুতি প্রদান করতে সাহায্য করবে এবং জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে একটি অগ্রণী হিসাবে MTA-কে শক্তিশালী করবে।"

বিদ্যুৎ কর্তৃপক্ষ এই রূপান্তরমূলক প্রকল্পগুলোর নকশা, অনুমতি ও সংগ্রহ প্রক্রিয়া এবং নির্মাণ, কমিশনিং এবং ওয়ারেন্টি ব্যবস্থাপনা করছে।

নিউ ইয়র্ক স্টেট পাওয়ার অথরিটির প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা জাস্টিন ই. ড্রিসকল বলেন, "দেশের বৃহত্তম বাস বহরকে বিদ্যুতায়িত করার জন্য মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথরিটির সাথে কাজ করা নিউ ইয়র্কের পাবলিক বাসগুলোকে স্থানান্তরিত করার লক্ষ্যগুলোকে সমর্থন করে, গ্রিনহাউজ গ্যাস নির্গমন হ্রাস করে এবং পরিবহন ফ্যাসিলিটির কাছাকাছি এবং এর বাইরেও দুর্বল কমিউনিটির জন্য বায়ুর গুণমানকে উন্নত করতে সক্ষম করে। নিউ ইয়র্ক বিদ্যুৎ কর্তৃপক্ষ আরবান এলাকায় পাবলিক ট্রানজিটকে পুনর্নির্মাণ ও কার্বনমুক্ত করতে এবং অন্যান্য মিউনিসিপালিটিকে অনুপ্রাণিত করতে MTA এর সাথে কাজ করতে পেরে

গর্বিত। এই কাজটি গণপরিবহনের জন্য সত্যিই রূপান্তরকারী এবং আবারও নিউ ইয়র্ক সেই পথে নেতৃত্ব দিচ্ছে।"

শুধুমাত্র বৈদ্যুতিক বাস কেনার প্রতিশ্রুতি সমর্থন করার জন্য তার ফ্যাসিলিটিসগুলো এবং 2040 সালের মধ্যে এর সম্পূর্ণ 5,800 বাস বহরে শূন্য-নির্গমনকারী যানবাহনে রূপান্তরিত করার জন্য আপগ্রেড করতে নতুন অবকাঠামোটি 2029 সালের পরে MTA এর পরিকল্পনার অংশ। MTA হলো স্টেটের বৈদ্যুতিক বাসগুলোর অন্যতম প্রধান অপারেটর যেখানে বর্তমানে প্রায় 15টি বৈদ্যুতিক বাস চালু রয়েছে এবং 2024 সালে 60টি বাস আসবে। অধিকন্তু, 2025 এবং 2026 এর মধ্যে পরিষেবায় অন্তর্ভুক্ত করতে আরো 470টি শূন্য-নির্গমন ও স্ট্যান্ডার্ড এবং আর্টিকুলেটেড বাস স্লাটেডের জন্য ক্রয় চলমান। 11টি ডিপোতে পাঁচটি বরোর সবকয়টিতে বিস্তৃত বাসগুলো প্রপার্টিতে আসার আগে 470টি বাসের জন্য সহায়ক অবকাঠামো স্থাপন করা হবে।

ইনস্টল করা প্যান্টোগ্রাফগুলো হচ্ছে ওভারহেড স্ট্রাকচারে মাউন্ট করা ডিভাইস এবং ডাইরেক্ট কারেন্ট ফাস্ট চার্জার (direct current fast chargers, DCFC) এর সাথে সংযুক্ত। যখন একটি বাস নীচে পার্ক করে তখন বাসে অনবোর্ড ব্যাটারি রিচার্জ করার জন্য বিদ্যুৎ সরবরাহ করতে বাসের ছাদে বৈদ্যুতিক যোগাযোগের মাধ্যমে সংযোগ করার জন্য একটি ক্যাবল এগুলোকে সুযোগ করে দেয়। বিভিন্ন নির্মাতার বাসের সাথে ওভারহেড প্যান্টোগ্রাফ ডিসপেনসারগুলো কাজ করবে।

MTA এর কাজ, সেইসাথে বাফেলোতে নায়াগ্রা ফ্রন্টিয়ার ট্রান্সপোর্টেশন অথরিটি (Niagara Frontier Transportation Authority, NFTA) এর সাথে একটি চলমান প্রকল্প হলো নর্থওয়েস্ট বাস ডিপোতে প্রথম প্যান্টোগ্রাফ বাস চার্জিং প্রকল্প।

পাঁচটি বড় আপস্টেট এবং সাব-আরবান ট্রানজিট অপারেটরকে সাফোক কাউন্টি, ওয়েস্টচেস্টার কাউন্টি, CDTA (অ্যালবানি) RTS (রচেস্টার) এবং NFTA (বাফেলো) সহ সমস্ত বৈদ্যুতিক ট্রানজিট বাসে রূপান্তর করার পরিকল্পনা তৈরি করতে সহায়তা করার জন্য NYPA নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি (New York State Energy Research and Development Authority, NYSERDA) এর সাথে একটি গবেষণা সম্পন্ন করেছে। নির্মাণে NFTA এর জন্য অতিরিক্ত 27টি সহ নয়টি প্যান্টোগ্রাফ ইনস্টল করা হয়েছে।

ই-মোবিলিটি সম্পর্কে আরো তথ্যের জন্য, এর ওয়েবসাইটে NYPA এর বৈদ্যুতিক যানবাহন অবকাঠামোর পৃষ্ঠাগুলো দেখুন।

নিউ ইয়র্ক স্টেটের দেশের-নেতৃস্থানীয় জলবায়ু পরিকল্পনা

নিউ ইয়র্ক স্টেটের দেশ-নেতৃস্থানীয় জলবায়ুর এজেন্ডা একটি সুশৃঙ্খল এবং ন্যায্য পরিবর্তন করার আহ্বান জানায় যা পরিবারকে টিকিয়ে রাখার কর্মসংস্থা তৈরি করে, সকল সেক্টরে একটি গ্রিন ইকোনমি গড়ে তোলাকে অব্যাহত রাখে এবং নিশ্চিত করে যে 40 শতাংশের লক্ষ্য রেখে কমপক্ষে 35 শতাংশের পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগের সুবিধাগুলো সুবিধাবঞ্চিত কমিউনিটির দিকে পরিচালিত হয়। দেশের সবচেয়ে আগ্রাসী জলবায়ু ও নির্মল জ্বালানি উদ্যোগগুলোর দিকনির্দেশনায়, নিউ ইয়র্ক 2040 সালের মধ্যে শূন্য-নির্গমনসম্পন্ন বিদ্যুৎ খাত অর্জনের পথে

রয়েছে, যার মধ্যে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং শতাব্দীর মাঝামাঝি সময়ের মধ্যে অর্থনীতিজুড়ে কার্বন নিরপেক্ষতা অর্জন করা অন্তর্ভুক্ত রয়েছে। এই পরিবর্তনের একটি ভিত্তি হলো নিউ ইয়র্কের অভূতপূর্ব ক্লিন এনার্জি বিনিয়োগ, যার মধ্যে রয়েছে স্টেট জুড়ে 120টি বড়-মাত্রার নবায়নযোগ্য ও বিতরণের প্রকল্পে 35 বিলিয়ন মার্কিন ডলারের বেশি, বিল্ডিং থেকে নির্গমন হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন মার্কিন ডলার, সৌর বিদ্যুতের মাত্রা বৃদ্ধি করার জন্য 3.3 বিলিয়ন মার্কিন ডলার, ক্লিন ট্রান্সপোর্টেশন উদ্যোগের জন্য 1 বিলিয়ন মার্কিন ডলারের বেশি এবং NY গ্রীন ব্যাংক এর প্রতিশ্রুতিতে 2 বিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ। এগুলো ও অন্যান্য বিনিয়োগ 2021 সালে নিউ ইয়র্কের নির্মল জ্বালানি খাতে 165,000 এরও বেশি চাকরি, এবং 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 3,000 শতাংশের বেশি প্রবৃদ্ধিতে সহায়তা করছে। এছাড়া, গ্রিনহাউস গ্যাস নির্গমন কমানো এবং বায়ুর মান উন্নত করার জন্য, নিউ ইয়র্ক শূন্য-নির্গমনসম্পন্ন যানবাহন সম্পর্কিত বিধিমালা গ্রহণ করেছে, যার মধ্যে 2035 সালের মধ্যে স্টেটে বিক্রি হওয়া সব যাত্রীবাহী গাড়ি ও হালকা ট্রাক শূন্য-নির্গমনসম্পন্ন হওয়া আবশ্যক হওয়ার বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। অংশীদারিত্বগুলো বায়ু দূষণকে টার্গেট করতে এবং জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে সাহায্য করার জন্য স্টেটজুড়ে প্রায় 400টি নিবন্ধিত ও 100টির বেশি সার্টিফাইড ক্লাইমেট স্মার্ট কমিউনিটি, প্রায় 500টি ক্লিন এনার্জি কমিউনিটি এবং 10টি সুবিধাবঞ্চিত কমিউনিটিতে স্টেটের বৃহত্তম কমিউনিটি এয়ার মনিটরিং ইনিশিয়েটিভের মাধ্যমে নিউ ইয়র্কের জলবায়ু পদক্ষেপকে এগিয়ে নিয়ে যাচ্ছে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন